IMED, MINISTRY OF PLANNING, GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

Bangladesh Public Procurement Authority

# ই-জিপি সিস্টেমে দরপত্রদাতা, পরামর্শক, সরকারী মালিকানাধীন প্রতিষ্ঠান ও গণমাধ্যম -এর রেজিস্ট্রেশন পদ্ধতি সংক্রান্ত ম্যানুয়াল।

(https://eprocure.gov.bd)


**বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি (বিপিপিএ)**
আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিপিপিএ ভবন, পরিকল্পনা কমিশন চত্বর
শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ

**ফোনঃ** +৮৮ ০২ ৪৮১১৯৪০০-১ । **ফ্যাক্সঃ** +৮৮ ০২ ৯১৮০৯৬৮
**ই-মেইলঃ** info@bppa.gov.bd | **ওয়েবঃ** www.bppa.gov.bd


**ই-জিপি সহায়তা ডেস্কের সাথে যোগাযোগ**
**ফোনঃ** ১৬৫৭৫, +৮৮০৯৬৭৭০১৬৫৭৫
**ই-মেইলঃ** helpdesk@eprocure.gov.bd


তারিখঃ ৩০ই সেপ্টেম্বর, ২০২৫

# ই-জিপি পোর্টালে দরপত্রদাতাদের রেজিস্ট্রেশন সংক্রান্ত জরুরী তথ্যাবলি

ই-জিপি পোর্টালে 'নতুন সদস্য হিসেবে রেজিস্ট্রেশন' এর পূর্বে দরপত্রদাতা, পরামর্শক এবং অন্যান্য সম্ভাব্য ব্যাবহারকারীগন নিম্নোক্ত বিষয়গুলো লক্ষ্য করুনঃ

- ✓ বাংলাদেশ সরকারের ই-জিপি পোর্টালে রেজিস্ট্রেশনের পূর্বে আপনি নিশ্চিত হবেন যে আপনার একটি বৈধ ই-মেইল আইডি আছে।
- ✓ আপনি নিশ্চিত হবেন যে, রেজিস্ট্রেশন এর সময় আপলোডের জন্য প্রয়োজনীয় ডকুমেন্টসমূহের (রেজিস্ট্রেশনের ধরন অনুযায়ী) সকল স্ক্যান কপি আপনার কম্পিউটারে সংরক্ষিত আছে।
- ✓ আরো নিশ্চিত হবেন যে, আপনার কম্পিউটারে বিপিপিএ কর্তৃক পরীক্ষিত যেকোন একটি ব্রাউজার (যথাঃ Internet Explorer 8.x, Internet Explorer 9.x, Internet Explorer 10.x, Internet Explorer 11.x, Mozilla Firefox 13x, 14x, 29.x, 52.x, 53.x, 62.x, 70.x, 71.x, 72.x, 77.x, 86.x and Google Chrome 79.x) ইন্সটল করা আছে।

হোম পেজ-এর বাম পার্শ্বে অবস্থিত "User Registration Flow Chart" লিঙ্কে ক্লিক করেও দরপত্রদাতা, পরামর্শক এবং অন্যান্য সম্ভাব্য ব্যাবহারকারীগণ রেজিস্ট্রেশন প্রক্রিয়ার ধাপসমূহ সম্পর্কে সম্যক ধারণা পেতে পারেন।



## রেজিস্ট্রেশন প্রক্রিয়ার প্রবাহ

ব্যবহারকারীর প্রকারভেদে রেজিস্ট্রেশন এর সময় যেসব ডকুমেন্ট আপলোড করতে হবে তা নিম্নরূপঃ

- **দরপত্রদাতা/ পরামর্শক প্রতিষ্ঠান (জাতীয়)**
  - কোম্পানি ইনকর্পোরেশন সনদ (কোম্পানির ক্ষেত্রে) অথবা রেজিস্ট্রেশন ডকুমেন্ট;
  - ট্রেড লাইসেন্স;
  - বৈধ করদাতা সনাক্তকরণ নম্বরের (TIN) সনদ;
  - মূল্য সংযোজন কর সংক্রান্ত (VAT) সনদ;
  - কোম্পানি এডমিন-এর জন্য কোম্পানির মালিক হতে অনুমতি পত্র (অথরাইজড লেটার);
  - অথরাইজড এডমিন-এর জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্ট (পাসপোর্টের প্রথম ২ পৃষ্ঠা);
  - ই-জিপি রেজিস্ট্রেশন ফি-র জমা রশিদ;
  - অথরাইজড এডমিন-এর ১ কপি পাসপোর্ট সাইজ ছবি।

- **দরপত্রদাতা/ পরামর্শক প্রতিষ্ঠান (আন্তর্জাতিক)**
  - কোম্পানি ইনকর্পোরেশন সনদ (কোম্পানির ক্ষেত্রে) অথবা রেজিস্ট্রেশন ডকুমেন্ট;
  - ট্রেড লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে);
  - বৈধ Tax Identification Number (TIN) সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে);
  - Value Added Tax (VAT) অথবা Goods and Service Tax (GST) রেজিস্ট্রেশন সার্টিফিকেট;
  - কোম্পানি এডমিন-এর জন্য কোম্পানির মালিক হতে অনুমতি পত্র (অথরাইজড লেটার);
  - অথরাইজড এডমিন-এর জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্ট (পাসপোর্টের প্রথম ২ পৃষ্ঠা);
  - ই-জিপি রেজিস্ট্রেশন ফি-র জমা রশিদ;
  - অথরাইজড এডমিন-এর ১ কপি পাসপোর্ট সাইজ ছবি।

- **সরকারী মালিকানাধীন এন্টারপ্রাইজ (জাতীয়)**
  - সংবিধিবদ্ধ সংস্থার ক্ষেত্রে  সরকারি আদেশ;
  - অর্থ বিভাগ কর্তৃক প্রদত্ত আর্থিক স্বায়ত্বশাসন সম্পর্কিত সার্টিফিকেট;
  - অথরাইজড এডমিন-এর জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্ট (পাসপোর্টের প্রথম ২ পৃষ্ঠা);
  - অথরাইজড এডমিন-এর ১ কপি পাসপোর্ট সাইজ ছবি;
  - অথরাইজড এডমিন-এর Letter of Authorization;
  - ই-জিপি রেজিস্ট্রেশন ফি-র জমা রশিদ।

- **ব্যক্তিভিত্তিক পরামর্শক (জাতীয়)**
  - জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্ট (পাসপোর্টের প্রথম ২ পৃষ্ঠা);
  - ই-জিপি রেজিস্ট্রেশন ফি-র জমা রশিদ;
  - ১ কপি পাসপোর্ট সাইজ ছবি।

➢ **ব্যক্তিভিত্তিক পরামর্শক (আন্তর্জাতিক)**

- জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্ট (পাসপোর্টের প্রথম ২ পৃষ্ঠা);
- ই-জিপি রেজিস্ট্রেশন ফি-র জমা রশিদ;
- ১ কপি পাসপোর্ট সাইজ ছবি।

➢ **গণমাধ্যম (জাতীয়)**

- গণমাধ্যম কোম্পানি/সংস্থা কতৃক প্রদত্ত পরিচয়পত্র;
- জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্ট (পাসপোর্টের প্রথম ২ পৃষ্ঠা);
- ১ কপি পাসপোর্ট সাইজ ছবি।

➢ **গণমাধ্যম (আন্তর্জাতিক)**

- গণমাধ্যম কোম্পানি/সংস্থা কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র;
- জাতীয় পরিচয়পত্র অথবা পাসপোর্ট (পাসপোর্টের প্রথম ২ পৃষ্ঠা);
- ১ কপি পাসপোর্ট সাইজ ছবি।

**ব্যাবহারকারীর প্রকারভেদে উল্লেখিত কাগজপত্র তৈরী থাকলে ই-জিপি পোর্টালে রেজিস্ট্রেশন করার জন্য অনুগ্রহ করে নিম্নোক্ত নির্দেশনাসমূহ অনুসরণ করুনঃ**

## ই-জিপি পোর্টালে রেজিস্ট্রেশন ধাপসমূহ


১. বিপিপিএ কর্তৃক সার্টিফায়েড যে কোনো একটি ওয়েব ব্রাউজার [যথা: Internet Explorer 8.x, Internet Explorer 9.x, Internet Explorer 10.x, Internet Explorer 11.x, Mozilla Firefox 13x, 14x, 29.x, 52.x, 53.x, 62.x, 70.x, 71.x, 72.x, 77.x, 86.x and Google Chrome 79.x] আপনার কম্পিউটারে আছে কি-না, সে সম্পর্কে নিশ্চিত হউন। এর একটি ইন্টারনেট ব্রাউজারও যদি আপনার কম্পিউটারে না থাকে , তবে (হোম পেইজের বাম দিকের নীচে দেয়া আছে ) অনুগ্রহ করে ডাউনলোড ও ইন্সটল করুন।

**ব্রাউজার ডাউনলোড করতে ভিজিট করুনঃ**

- IE 8.x, IE9.x, IE10.x ও IE11.x - এর জন্য নীচের URL - এ যানঃ
  https://www.microsoft.com/en-us/download/internet-explorer.aspx
- Mozilla Firefox 13x, 14x, 29.x, 52.x, 53.x, 62.x, 70.x, 71.x, 72.x, 77.x, 86.x -এর জন্য নীচের URL - এ যানঃ
  https://www.mozilla.org/en-US/firefox/
- Google Chrome 79.x - এর জন্য নীচের URL - এ যানঃ
  https://www.google.com/chrome/

২. নীচের URL টাইপ করে ই-জিপি পোর্টাল খুলুন; https://eprocure.gov.bd

৩. রেজিস্ট্রেশনের জন্য “**New User Registration**” লিঙ্কে ক্লিক করুন (**চিত্র - ১** এ দেখানো হয়েছে)। ‘**New User Registration - login Account Details**’ নামে একটি পৃষ্ঠা খুলবে (**চিত্র - ২** এ দেখানো হয়েছে)।





চিত্র - ১

** এই পেজটি দরপত্রদাতা/পরামর্শকসহ অন্যান্যদের ই-জিপি সিস্টেমে রেজিস্ট্রেশন করতে ব্যবহৃত হচ্ছে।

রেজিস্ট্রেশন প্রক্রিয়া শুরু করার পূর্বে নিম্নবর্ণিত জরুরী বিষয়সমূহ লক্ষ্য করুনঃ

- অনুগ্রহপূর্বক নিশ্চিত হবেন যে, আপনার একটি বৈধ ই-মেইল আইডি আছে যেটা শুধু আপনিই ব্যবহার করেন। ই-জিপি সিস্টেম কর্তৃক সকল ই-মেইল বার্তা শুধুমাত্র এই ই-মেইল আইডিতেই পাঠানো হবে ।
- অনুগ্রহপূর্বক নিশ্চিত হবেন যে , একটি সংস্থা থেকে অনুমোদিত একজন ব্যক্তিই কেবল ই-জিপি পোর্টালে রেজিস্ট্রেশন করছেন; তিনি ঐ সংস্থার পক্ষে Admin হিসাবে কাজ করবেন এবং ই-টেন্ডারে অংশগ্রহণ করার জন্য পরবর্তীতে সংস্থার অন্যামন্য ব্যবহারকারী তৈরী করতে পারেন ।

8. **New User Registration – Login Account Details** - এ বিস্তারিত তথ্যসমূহ নিম্নবর্ণিতভাবে (**চিত্র - ২** এ দেখানো হয়েছে) পূরণ করুনঃ




চিত্র - ২

ক) আপনার ব্যবহৃত ই-মেইল আইডি টাইপ করুন । এই ই-মেইল আইডিটি ই-জিপি পোর্টালে ব্যবহারকারীর ইউজার আইডি (লগ-ইন আইডি) হিসেবে ব্যবহৃত হবে। **(মনে রাখবেন, ভেরিফিকেশন কোড এই ই-মেইল আইডিতেই মেইল করা হবে)।**

খ) একটি পাসওয়ার্ড টাইপ করুন। (লক্ষ্য করুন, আপনার এই পাসওয়ার্ডটিতে বর্ণ, অক্ষর কিংবা সংকেত মিলে কমপক্ষে মোট ৮ টি Character থাকতে হবে )। উদাহরণ হিসেবে নীচের টেবিলটি দেখুনঃ

| Sl. | Password | Valid / Invalid | Reason(s) |
|---|---|---|---|
| 1. | yakub@1 | ভুল | ৮ অক্ষরের কম |
| 2. | yakubislam | ভুল | কোন সংখ্যা নেই |
| 3. | 12345678 | ভুল | কোন বর্ণ নেই |
| 4. | I'm 16 Years Old. | শুদ্ধ | শর্তসমূহ পূরণ করেছে। কমপক্ষে ৮ টি অক্ষর আছে ; এবং বর্ণ ও সংখ্যা সম্বলিত। দরপত্রদাতা বিশেষ অক্ষ যথা '&' '#' '-' ইত্যাদি পাসওয়ার্ড ব্যবহার করতে পারবেন । |

****লক্ষ্য করুন, পাসওয়ার্ড Case Sensitive। আপনি যদি Yakub123 পাসওয়ার্ড দিয়ে থাকেন, তাহলে পরবর্তীতে টাইপ করার সময় Y কে বড় হাতের অক্ষরেই লিখতে হবে। এতদ্ব্যতীত, সিস্টেম বর্ণমালা (a, b, c), সংখ্যা (১, ২, ৩), বিশেষ অক্ষর (!, @, #) এবং স্পেস , প্রভৃতি গ্রহণ করে থাকে । তবে পাসওয়ার্ড কোনমতেই কমপক্ষে ৮ টি অক্ষরের কম হতে পারবে না।**

গ) পাসওয়ার্ডটি আবার টাইপ করুন এবং নিশ্চিত হোন যে আপনি এই পাসওয়ার্ডটিই ইতোপূর্বে টাইপ করেছেন।
**(অনুগ্রহ করে মনে রাখবেন, এই পাসওয়ার্ড এবং আগে দেওয়া পাসওয়ার্ডটি একই হতে হবে)।**

ঘ) তালিকা থেকে Hint Question নির্বাচন করুন অথবা নিজের মতো করে Hint Question প্রস্তুত করার জন্য তালিকা থেকে "**Creative your own Question**" নির্বাচন করুন।
**(যদি ব্যবহারকারীরা তার পাসওয়ার্ড ভুলে যান এবং তা পরিবর্তন করতে চান সেক্ষেত্রে Hint Question কাজে আসবে)।**

ঙ) যে Hint Question নির্বাচন করেছেন বা প্রস্তুত করেছেন তার উত্তর লিখুন।


চ) তালিকা থেকে জাতীয়তা নির্বাচন করুন। **(শুধুমাত্র একটি মাত্র দেশ নির্বাচন করা যাবে)**

ছ) তালিকা থেকে নিম্নবর্ণিত রেজিস্ট্রেশনের প্রকার নির্বাচন করুনঃ

- **Tenderer / Consultant,** যদি দরপত্রদাতা একজন ঠিকাদার, সরবরাহকারী বা পরামর্শক বা একক সত্ত্বাধিকারী হন।
- **Individual Consultant,** যদি দরপত্রদাতা একজন ব্যক্তি পরামর্শক হন।
- **Government Owned Enterprise,** যদি দরপত্রদাতা/ পরামর্শক বাংলাদেশ সরকারের মালিকানাধীন কোম্পানি হয়।

* **Media,** যদি কোনো গণমাধ্যমকে প্রতিনিধিত্বকারী কোম্পানি হয়। তবে এই ব্যবহারকারী ই-জিপি পোর্টালে কোনো অনলাইন টেন্ডার অংশ নিতে পারবেনা।

জ) Country of Business নির্বাচন করুন। **(অনুগ্রহ করে মনে রাখবেন যে একাধিক দেশ নির্বাচন করা যেতে পারে)।**




**চিত্র - ৩**

ঝ) স্ক্রিনের নির্ধারিত বক্সে পূর্ব থেকে তৈরী হওয়া অক্ষরগুলি (ক্যাপচা কোড) টাইপ করুন **(চিত্র - ৩** এ দেখানো হয়েছে)। ক্যাপচা কোড একপ্রকারের অবিন্যস্ত গ্রাফিকাল টেক্সট যা অবাঞ্ছিত স্বয়ংক্রিয় রেজিস্ট্রেশনকে প্রতিহত করার জন্য ই-জিপি পোর্টালে ব্যবহার করা হয়েছে ।

✓ ক্যাপচা টেক্সট পড়া না গেলে "**Refresh**" বাটনে ক্লিক করুন। এর ফলে নতুন কিছু অক্ষর তৈরী হবে এবং সেগুলোর উচ্চারণ ভেসে আসবে। এই অক্ষরগুলি টাইপ করে আপনি পরবর্তী ধাপে যেতে পারবেন।

ঞ) "Terms & Conditions" গুলো ভালভাবে পড়ুন এবং পরবর্তী ধাপে অগ্রসর হওয়ার জন্য "I have read , understood and accepted the Terms & conditions" লেখা চেক বক্সে ক্লিক করুন **(চিত্র - ৩** এ দেখানো হয়েছে)।

✓ মনে রাখবেন এটা একটা অঙ্গীকারনামা যার মাধ্যমে আপনি ই-জিপি পোর্টালে ব্যবহারের সকল অবশ্য পালনীয় শর্তাবলী মেনে নিচ্ছেন।

✓ মনে রাখবেন যে, যদি আপনি শর্তাবলী মেনে না নেন, তবে ই-জিপি সিস্টেমে আর অগ্রসর হতে পারবেন না।

ট) "**Submit**" বাটনে ক্লিক করে আপনার বিস্তারিত তথ্যাদি ই-জিপি সিস্টেমে প্রবেশ করান এবং রেজিস্ট্রেশন প্রক্রিয়ার ধাপ-১ শেষ করুন **(চিত্র - ৩** এ দেখানো হয়েছে)।

**বিশেষ দ্রষ্টব্যঃ** *"**Submit**" বাটনে ক্লিক করার পূর্বে ব্যবহারকারী হিসেবে আপনি "**Reset**" বাটনে ক্লিক করে পুনরায় ফর্ম পূরণ করতে পারবেন (**চিত্র – ৩** এ দেখানো হয়েছে)।*

৫.  **“Submit”** বাটনে ক্লিক করার পর দরপত্রদাতা যে ই-মেইল আইডি দিয়ে রেজিস্ট্রেশন করেছেন, সেখানে স্বয়ংক্রিয়ভাবে একটি ই-মেইল বার্তা পাঠানো হবে। এই ই-মেইলে বার্তা ভেরিফিকেশন কোড থাকবে এবং ভেরিফিকেশন পেজের লিঙ্ক থাকবে।




চিত্র - ৪

৬.  আপনার নিজস্ব ই-মেইল একাউন্ট পরীক্ষা করুন । সেখানে আপনি নিম্নলিখিত ভেরিফিকেশন তথ্যসহ একটি ই-মেইল বার্তা দেখতে পাবেনঃ

ক) Login-id (**এটা দরপত্রদাতার এ-মেইল আইডি)**

খ) Password ( **ই-জিপি ডাটাবেজে Password সংরক্ষণ করা হয়না । Password গোপন রাখা এবং কারো কাছে প্রকাশ না করার দায়িত্ব আপনারই)।**

গ) ভেরিফিকেশন কোড **(সিস্টেম থেকে স্বয়ংক্রিয়ভাবে তৈরী ভেরিফিকেশন কোড)।**

| | |
|---|---|
| **Login ID** | mahmudul@yopmail.com |
| **Password** | (Password is not stored in the e-GP data base. It is your obligation to keep password secret and not to reveal or disclose to anyone) |
| **Verification Code** | 89766bb3f5ead572f8921597158d65b811d1kl98 |

৭.  প্রদত্ত লিঙ্কে ক্লিক করলে একটা নতুন ওয়েব পেজ আসবে যেখানে আপনাকেই নিম্নোক্ত তথ্যগুলো পূরণ করতে হবে **(চিত্র - ৫** এ দেখানো হয়েছে):

ক)  Email-Id (ই-মেইল আইডি)


খ)  Password ( পাসওয়ার্ড)

গ)  Verification Code (ভেরিফিকেশন কোড)




চিত্র - ৫

- যখনই দরপত্রদাতা “**Submit**” বাটনে ক্লিক করবেন, তখনই একটা নতুন ওয়েব পেজ আসবে যাতে দুইটি অপশন থাকবে (**চিত্র - ৬** এ দেখানো হয়েছে) ঃ
  - ✓ **Proceed to Profile Submission** (রেজিস্ট্রেশন সম্পন্ন করুন)
  - ✓ **No Thanks, I will register Later on** (না । ধন্যবাদ, আমি পরবর্তীতে রেজিস্ট্রেশন করব)




চিত্র - ৬

**(এখানে উল্লেখ্য যে, রেজিস্ট্রেশনের জন্য আবেদনকারী হিসেবে ৭২ ঘন্টার মধ্যে একাউন্ট নিশ্চিত করা বাধ্যতামূলক। ই-মেইল আইডি নিশ্চিতকরণের ৭ দিনের মধ্যে পূর্ণাঙ্গ বৃত্তান্ত পুরণ করতে হবে)।**

**৮.** যদি দরপত্রদাতা-এর উপরিল্লিখিত তথ্য মিলে, তাদেরকে রেজিস্ট্রেশন প্রক্রিয়ায় কোম্পানির পুর্ণাঙ্গ তথ্য পূরণ করতে দেয়া হবে। নীচের তথ্যাদি পূরণ করতে হবেঃ

৮.১ **Company Registration Number (কোম্পানির রেজিস্ট্রেশন নং)-** দরপত্রদাতাকে যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত একক রেজিস্ট্রেশন নং উল্লেখ করতে হবে। (লক্ষ্য করবেন, একই দেশে রেজিস্ট্রেশন করা হলে কখনোই দুইটি কোম্পানির একই রেজিস্ট্রেশন নং হবেনা)


৮.২ **Company Name ( কোম্পানির নাম)-** রেজিস্ট্রেশন দলিল অনুযায়ী কোম্পানির নাম পূরণ করুন। কোম্পানীর নাম পূরণ করার সাথে সাথে সিস্টেম যাচাই করবে একই নামে ই-জিপি সিস্টেমে অন্য কোন কোম্পানি নিবন্ধিত আছে কিনা। যদি থাকে তবে সিস্টেম TIN নম্বর এবং Trade License Number এক কিনা সেটা যাচাই করবে। যদি TIN নম্বর এবং Trade License Number আলাদা হয় তবে একই নামে নিবন্ধন করার ক্ষেত্রে সিস্টেম কোনরূপ বাধা প্রদান করবে না।

৮.৩ **Company Name in Bangla ( কোম্পানির নাম বাংলায়)-** কোম্পানি যদি বাংলাদেশ-এর হয়, বাংলায় কোম্পানির নাম পূরণ করুন (এটি অবশ্য পূরণীয় নয়) ।

৮.৪ **Company Legal Status ( কোম্পানির আইন অবস্থান)-** দরপত্রদাতাকে ড্রপ ডাউন বক্স থেকে যেকোনো একটি নির্বাচন করতে হবে। নির্বাচন করার সুযোগসমূহের তালিকা নিম্নে দেয়া হলোঃ


- Public Limited – দরপত্রদাতার কোম্পানি যদি পাবলিক লিমিটেড কোম্পানি হয় ।
- Private Limited – দরপত্রদাতার কোম্পানি যদি প্রাইভেট কোম্পানি হয় ।
- Partnership – দরপত্রদাতার কোম্পানি যদি অংশিদারী কোম্পানি হয় ।
- Proprietor – দরপত্রদাতার কোম্পানি যদি ব্যক্তি মালিকানাধীন কোম্পানি হয় ।
- Government Undertaking – দরপত্রদাতার কোম্পানি যদি বাংলাদেশ সরকারের মালিকানাধীন হয়।
- NGO – দরপত্রদাতার কোম্পানি যদি বেসরকারি সংস্থা হয়।

৮.৪.১ **মালিকানা-সংক্রান্ত তথ্য (Beneficial Ownership Information)**: নিবন্ধন সময়কালে দরদাতা অবশ্যই ‘Company Details’ পৃষ্ঠায় মালিকানা-সংক্রান্ত তথ্য (Beneficial Ownership Information) প্রদান করবে। মালিকানা-সংক্রান্ত তথ্য (Beneficial Ownership Information) প্রদানের জন্য দরদাতাকে ড্রপডাউন মেনু থেকে Company’s Legal Status নির্বাচন করতে হবে।




চিত্র – ৭.১

৮.৪.২ Company's Legal Status নির্বাচন করার পর দরদাতা নিম্নলিখিত চিত্র দেখতে পাবে।



## New User Registration - Company Details

Basic Account Information **Company Details** > Personal Details > Supporting Documents ? Help

Fields marked with (*) are mandatory.

**Company Information**

Company Registration No. : * 39

Company's Legal Status : * Private Ltd


Beneficial Ownership Information :

| | Name * | National ID | Business Share (%) * | Country * |
|---|---|---|---|---|
| ☐ | | | | |

Remove row Add row

চিত্র – ৭.২

৮.৪.৩ একক মালিকানা ছাড়া অন্যান্য সকল শ্রেণির দরদাতাকে পরবর্তী ধাপে অগ্রসর হওয়ার আগে মালিকানা-সংক্রান্ত তথ্য (Beneficial Ownership Information) প্রদান করতে হবে। দ্রষ্টব্য: একক মালিকানার ক্ষেত্রে মালিকানা-সংক্রান্ত তথ্য (Beneficial Ownership Information) প্রদানের প্রয়োজন নেই।



## New User Registration - Company Details

Basic Account Information **Company Details** > Personal Details > Supporting Documents ? Help

Fields marked with (*) are mandatory.

**Company Information**

Company Registration No. : * 39

Company's Legal Status : * Private Ltd

Beneficial Ownership Information :


| | Name * | National ID | Business Share (%) * | Country * |
|---|---|---|---|---|
| ☐ | Md. Sadman | 676767676767 | 60.00 | Bangladesh |
| ☐ | Md. Anis | 99999999999 | 30.00 | Bangladesh |
| ☐ | Md. Niloy | 8888888888 | 10.00 | Bangladesh |

Current total business share = 100

Remove row Add row

চিত্র – ৭.৩


৮.৪.৪ যদি দরপত্রদাতা “**Company Legal Status**” হিসেবে 'Proprietor' নির্বাচন করেন, তাহলে “**Company Details**” এ দরপত্রদাতাকে জাতীয় পরিচয়পত্র যাচাই করতে হবে। যদি Private Limited / Partnership ইত্যাদি নির্বাচন করে, তাহলে “**Personal Details**” এ দরপত্রদাতাকে জাতীয় পরিচয়পত্র যাচাই করতে হবে।




চিত্র – ৭.৪

৮.৪.২ জাতীয় পরিচয়পত্র যাচাই করতে, এই পদক্ষেপগুলি অনুসরণ করুন:


- **জাতীয় পরিচয়পত্র নম্বর লিখুন**: নির্ধারিত বক্সে আপনার জাতীয় পরিচয়পত্র নম্বর লিখুন।
- **জন্ম তারিখ**: প্রয়োজনীয় বিন্যাস অনুসারে আপনার জন্ম তারিখ প্রদান করুন।
- **ক্যাপচা যাচাইকরণ**: প্রদর্শিত টেক্সট বক্সে, ছবিতে দেখানো ক্যাপচা অক্ষরগুলি সঠিকভাবে বক্সে লিখুন। প্রয়োজনে, আপনি ক্যাপচা ছবির পাশে থাকা রিলোড আইকনে ক্লিক করে ক্যাপচা টেক্সট রিফ্রেশ করতে পারেন।
- **জাতীয় পরিচয়পত্র যাচাই করুন**: সমস্ত তথ্য সঠিকভাবে প্রবেশ করানো হয়েছে কিনা তা নিশ্চিত করার পরে, "**Verify NID**" বাটনে ক্লিক করবেন। এই কাজটি আপনার জাতীয় পরিচয়পত্রের যাচাইকরণ প্রক্রিয়া শুরু করবে।




চিত্র – ৭.৫

৮.৪.৩ “**Verify NID**” বাটনে ক্লিক করার পর, একটি পপ-আপ উইন্ডোতে একটি সতর্কীকরণ বার্তা আসবে। এই বার্তাটি আপনাকে আপনার জাতীয় পরিচয়পত্র সফলভাবে যাচাই করার জন্য সর্বমোট কতগুলি প্রচেষ্টা করতে পারবেন তা জানিয়ে দেবে। প্রতিটি ব্যবহারকারীকে তাদের জাতীয় পরিচয়পত্র যাচাই করার জন্য মোট তিনটি প্রচেষ্টার অনুমতি দেওয়া হয়। দুর্ভাগ্যবশত, যদি আপনি নির্ধারিত তিনটি প্রচেষ্টার মধ্যে আপনার জাতীয় পরিচয়পত্র সফলভাবে যাচাই করতে ব্যর্থ হন, তাহলে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে যাচাইকরণ প্রক্রিয়াটি লক করে দেবে। এই অবস্থায়, প্রক্রিয়াটি আবার সচল করতে আপনাকে সিস্টেম এডমিনিস্ট্রেশনের সাথে যোগাযোগ করতে হবে।

৮.৪.৪ প্রক্রিয়াটি চালিয়ে নিতে "**Yes**" বাটনে ক্লিক করতে হবে, যদি সামনে এগিয়ে যেতে চান তবে এই প্রক্রিয়াটি নির্বাচন করুন।




চিত্র – ৭.৬


৮.৪.৫ "**Yes**" বাটনে ক্লিক করার পর, সিস্টেমটি আপনার জাতীয় পরিচয়পত্র (NID) সার্ভারে প্রদত্ত তথ্য যাচাই করার জন্য কাজ শুরু করবে।

৮.৪.৬ আপনার জাতীয় পরিচয়পত্রের সফল যাচাইকরণের পর, সিস্টেমটি সার্ভার থেকে আপনার নাম এবং বাংলায় নাম পুনরুদ্ধার করবে। একটি পপ-আপ উইন্ডোতে একটি সফল বার্তা আসবে যেখানে লেখা থাকবে " **NID Verification Successful**"। এই বার্তাটি নিশ্চিত করে যে আপনার জাতীয় পরিচয়পত্র যাচাইকরণ সফলভাবে সম্পন্ন হয়েছে এবং আপনার প্রদত্ত তথ্য সার্ভারের রেকর্ডের সাথে মিলে গেছে।





চিত্র – ৭.৭

৮.৪.৭ জাতীয় পরিচয়পত্র সার্ভারের মাধ্যমে আপনার জাতীয় পরিচয়পত্র সফলভাবে যাচাই করার পর, সিস্টেমটি জাতীয় পরিচয়পত্র ক্ষেত্রের পাশে “✓NID Verified” একটি স্থিতি নির্দেশক প্রদর্শন করবে।




চিত্র – ৭.৮

৮.৪.৮ যদি আপনি জাতীয় পরিচয়পত্র পরিবর্তন করতে চান তাহলে "Change NID" লিঙ্কে ক্লিক করুন, তাহলে নিম্নলিখিত পপ-আপ সতর্কতা বার্তাটি আসবে। “**Yes**” বাটনে ক্লিক করুন এবং প্রক্রিয়াটি সম্পূর্ণ করুন।




চিত্র – ৭.৯

***তারপর দরপত্রদাতা কোম্পানির বিবরণ পৃষ্ঠায় অন্যান্য সমস্ত তথ্য পূরণ করবেন।*

৮.৫ **নারী মালিকানাধীন এন্টারপ্রাইজ** - দরপত্রদাতা নিম্নলিখিত প্যারামিটারের উপর ভিত্তি করে নারী মালিকানাধীন এন্টারপ্রাইজকে হ্যাঁ / না হিসাবে নির্বাচন করবেন। পাবলিক লিমিটেড এবং সরকারি অধিভুক্ত প্রতিষ্ঠানগুলোর জন্য নারী মালিকানাধীন এন্টারপ্রাইজ প্রযোজ্য হবে না।

- প্রোপাইটরশীপ এর ক্ষেত্রে একটি প্রতিষ্ঠান নারী মালিকানাধীন হিসেবে বিবেচিত হবে যদি উক্ত প্রতিষ্ঠানের ট্রেড লাইসেন্স একজন নারীর নামে নিবন্ধিত হয়।
- "পার্টনারশিপ" এবং "প্রাইভেট লিমিটেড"-এর ক্ষেত্রে, নারীর শেয়ারের ভাগ [এক বা একাধিক (সংমিশ্রণে)] পঞ্চাশ শতাংশের বেশি হলে প্রতিষ্ঠানটিকে নারী মালিকানাধীন প্রতিষ্ঠান হিসাবে সংজ্ঞায়িত করা হবে।

৮.৬ **Company’s Year of Establishment (কোম্পানির প্রতিষ্ঠাকাল)-** সাল YYYY ফরমেটে পূরণ করুন (উদাহরণ – ২০১১)

৮.৭ **Tax Identification Number (ট্যাক্স সনাক্তকরণ নং)-** প্রযোজ্য ক্ষেত্রে পূরণ করুন । বাংলাদেশের বাইরের কোম্পানি হলে, ‘other document’ নির্বাচন করুন; নাম্বার টাইপ করুন এবং আরো বিষদ বিবরণ দিয়ে ধাপটি শেষ করুন।

৮.৮ **Trade License (ট্রেড লাইসেন্স):** ট্রেড লাইসেন্স এর তথ্য পূরণ করুন।

৮.৯ **Unique Business Identification Number (BIN):** BIN নম্বর পূরণ করুন। **BIN** হলো ৯ অংকের একটি একক ও অনন্য নম্বর যা দ্বারা এক জন করদাতাকে চিহ্নিত করা হয়। প্রদানকৃত **BIN** নম্বর অবশ্যই ই-জিপি সিস্টেমে একক অথবা অনন্য হতে হবে। সিস্টেমে পূর্বে ব্যবহারকৃত **BIN** নম্বর দিয়ে নতুন কোন নিবন্ধন করা যাবেনা।

৮.১০ **ভ্যাট রেজিস্ট্রেশন নম্বরঃ** ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর প্রদান করুন। যদি প্রদত্ত ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর ইজিপি সিস্টেমে এর আগে নিবন্ধনে ব্যবহৃত হয় তবে উক্ত ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর দিয়ে পুনরায় আর কোন নিবন্ধন করা যাবেনা।

**বিশেষ দ্রষ্টব্য:** ব্যবসায়িক শনাক্তকরণ নম্বর **(BIN)** অথবা ভ্যাট নিবন্ধন নম্বর যে কোন একটি ই-জিপি সিস্টেমে প্রদান করা বাধ্যতামূলক ।

**New User Registration - Company Details**


Basic Account Information **Company Details** > Personal Details > Supporting Documents ? Help

Fields marked with (*) are mandatory.

| | |
|---|---|
| Company Registration No. : * | MHE12202021 |
| Company Name : * | MHE Construction 2021 |
| Company Name in Bangla : | |
| Company's Legal Status : * | Private Ltd |
| Women Owned Enterprise : * | Yes |
| Company's Establishment Year : * | 2004 (YYYY e.g. 2000) |
| Tax Identification Number (TIN) : * | TN12202021 |
| Trade License Number : * | TL12202021 |
| Business Identification Number (BIN) : * | BN12202021 |
| VAT Registration Number : * | RG0012202021 |

চিত্র – ৮

৮.১১ **Nature of Business (ব্যবসার ধরণ) - 'Select Category'** – তে ক্লিক করুন । একটি নতুন উইন্ডো খুলবে যেখানে Common Procurement Vocabulary (CPV)- এর শ্রেণীবিন্যাস অনুযায়ী কার্য, পণ্য ও সেবার তালিকা দেখা যাবে। চেক বক্স-এ টিক দিয়ে আপনার ব্যবসা সম্পর্কিত শ্রেণীকে চিহ্নিত করুন উক্ত শ্রেণীতে তালিকাভুক্ত হওয়ার জন্য। দরপত্রদাতা একাধিক শ্রেণী নির্বাচন করতে পারবেন ।





চিত্র - ৯

৮.১২ **Registered Office Address (** রেজিস্টার্ড অফিসের ঠিকানা)- দরপত্রদাতাকে নিম্নলিখিতভাবে তথ্য পূরণ করতে হবেঃ

- **Country (দেশ)**-ড্রপডাউন বক্স থেকে নির্বাচন করুন ।
- **State (রাষ্ট্র) /District (জেলা)** - প্রযোজ্য ক্ষেত্রে পূরণ করুন ।
- **City / Town (শহর)**- প্রযোজ্য ক্ষেত্রে পূরণ করুন ।
- **Thana / Upazilla (থানা / উপজেলা)**- প্রযোজ্য ক্ষেত্রে পূরণ করুন ।
- **Post Code (পোষ্ট কোড)**- প্রযোজ্য ক্ষেত্রে পূরণ করুন ।
- **Phone (ফোন নং)**- সঠিক ফরম্যাটে পূরণ করুন ।
- **Fax No (ফ্যাক্স নং)**- প্রযোজ্য ক্ষেত্রে পূরণ করুন ।


৮.১৩ **Trade License Issue Date (ট্রেড লাইসেন্স প্রদানের তারিখ)**- ক্যালেন্ডার থেকে নির্বাচন করুন।

৮.১৪ **Trade License Expiry Date (ট্রেড লাইসেন্স মেয়াদ উত্তীর্ণের তারিখ)**- ক্যালেন্ডার থেকে নির্বাচন করুন।




চিত্র - ১০

৮.১৫ যদি কর্পোরেট অফিসের ঠিকানা এবং রেজিস্টার্ড অফিসের ঠিকানা একই হয়, দুইটি ঠিকানা যে একই তা নির্দেশ করার জন্য চেক বক্স-এ টিক দিন । একই না হলে, রেজিস্টার্ড অফিসের ঠিকানার মত করে সকল তথ্য দিন ।





চিত্র - ১১

সব তথ্য দেয়া হলে '**Save**' বাটন এ ক্লিক করুন । যদি কোন আবশ্যক তথ্য না দেয়া হয়, তাহলে তা নির্দেশ করবে। অন্যথায়, ব্যক্তিগত তথ্য প্রদানের পৃষ্ঠায় চলে যাবে ।

এখানে উল্লেখ্য যে, দরপত্রদাতা '**Individual Consultant**' হলে '**Company Details**' প্রদানের অপশন আসবেনা।

**৯.** সেভ বাটনে ক্লিক করার পর সিস্টেমটি নিম্নলিখিত উইন্ডোতে পুনঃনির্দেশিত হবে।




চিত্র – ১২


**পরবর্তী প্রক্রিয়ায় যাওয়ার আগে দরপত্রদাতাকে প্রথমে রেজিস্ট্রেশন ফি প্রদান করতে হবে।**

## ১০. রেজিস্ট্রেশন ফি প্রদান

- ✓ জাতীয় দরপত্রদাতাদের জন্য ই-জিপি সিস্টেমে নিবন্ধন ফি এবং নবায়ন ফি যথাক্রমে ৫,০০০ টাকা এবং ২,০০০ টাকা।
- ✓ আন্তর্জাতিক দরপত্রদাতাদের জন্য ই-জিপি সিস্টেমে নিবন্ধন ফি এবং নবায়ন ফি যথাক্রমে ১২,০০০ টাকা এবং ৫,০০০ টাকা।
- ✓ দরপত্রদাতা নিম্নলিখিত মাধ্যমে নিবন্ধন ফি প্রদান করতে পারবেন: ই-জিপিতে নিবন্ধিত ব্যাংক (https://www.eprocure.gov.bd/BranchDetail.jsp) অথবা অনলাইনের মাধ্যমে।

**অনলাইন পেমেন্ট পদ্ধতি:**

- ➢ অনলাইনের মাধ্যমে রেজিস্ট্রেশন ফি প্রদান করার জন্য "**Online Payment**" মেনুতে ক্লিক করুন।



New User Registration - Personal Details

Online Payment | Basic Account Information | Company Details > Personal Details > Supporting Documents


Fields marked with (*) are mandatory.

| | |
|---|---|
| Title : * | Mr. |
| First Name : * | A |
| Middle Name : | |
| Last Name : * | Hasan |
| Name in Bangla : | (If Bangladeshi) |
| Gender : * | Male |
| National ID / Passport No. / Driving License No. : * | [redacted] |
| Designation : * | Manager |
| Department : * | Procurement |
| Address Line 1 : * | Dhaka |
| Address Line 2 : | Dhaka |
| Country : * | Bangladesh |
| State / District : * | Dhaka |
| City / Town : * | Adabar |
| Thana / UpaZilla : * | Adabar |
| Post Code / Zip Code : | |
| Phone No. : | +880 - - |
| Fax No. : | +880 - - |
| Mobile No. : * | +880 - 1715380251 |

Update

চিত্র – ১৩

- ➢ অনলাইনের মাধ্যমে নিম্নোক্ত দুইভাবে ঠিকাদারগন রেজিস্ট্রেশন ফি প্রদান করতে পারবেন।
  - ক) **Dutch Bangla Bank (DBBL)** এর পেমেন্ট গেটওয়ের মাধ্যমে।
  - খ) **Brac Bank** এর পেমেন্ট গেটওয়ের মাধ্যমে।



New User Registration - Pay Online Registration Fee


**Online Payment** Complete Registration Process

Acceptable Payment Gateways are DBBL (Nexus, Master ,Visa, MasterDebit, VisaDebit) and BRAC

| | |
|---|---|
| Payment Type : | ◯ Dutch Bangla Bank(DBBL) ◯ BRAC Bank |
| Amount (in BDT) : | 5000 |
| Total Amount (in BDT) : | |
| | Pay Online |

চিত্র – ১৪

➢ যে সকল ঠিকাদারগণ উপরোক্ত পদ্ধতি ব্যবহার করে অনলাইনে রেজিস্ট্রেশন ফি পরিশোধ করতে চান, তারা পেমেন্টের ধরণ হিসেবে সেই পদ্ধতি নির্বাচন করার পর "**Pay Online**" বাটনে ক্লিক করুন।




New User Registration - Pay Online Registration Fee

**Online Payment** Complete Registration Process

Acceptable Payment Gateways are DBBL (Nexus, Master ,Visa, MasterDebit, VisaDebit) and BRAC


| | |
|---|---|
| Payment Type : | ◯ Dutch Bangla Bank(DBBL) ◉ BRAC Bank |
| Amount (in BDT) : | 5000 |
| Service Charge (%) : | 2.5 |
| Total Amount (in BDT) : | 5125 |
| | Pay Online |

চিত্র – ১৫




চিত্র – ১৬

➢ **"Pay Online"** বাটনে ক্লিক করার পর ই-জিপি সিস্টেম সংশ্লিষ্ট পেমেন্ট গেটওয়ের ওয়েব সাইটে নিয়ে যাবে। তারপর ঠিকাদারকগণকে উক্ত ব্যাংকের যথাযথ আবশ্যকীয় তথ্যাদি (যথাঃ কার্ড নম্বর, মেয়াদ শেষ হওয়ার মাস ও বছর এবং সিভিএন নম্বর) পূরণ করতে হবে। তথ্যসমূহ যাচাই করার প্রেক্ষিতে সঠিক ধাপসমূহ অনুসরণের মাধ্যমে ঠিকাদারগন রেজিস্ট্রেশন ফি প্রদানের কাজটি সম্পন্ন করবেন।




চিত্র – ১৭

- কার্ডের তথ্য যাচাই করার পর, রেজিস্ট্রেশন ফি প্রদান সম্পন্ন হবে এবং এটি e-GP সিস্টেমে একটি সফল বার্তা সহ পুনঃনির্দেশিত হবে অর্থাৎ "***Your transaction is successful. Transaction information is as below***"।

Your transaction is successful. Transaction information is as below

চিত্র – ১৮

- ঠিকাদারের অনলাইন পেমেন্ট তথ্য।


Print

| | |
|---|---|
| **E-mail Id:** | egptenderer1@gmail.com |
| **Amount (in BDT) :** | 5000.00 |
| **Service Charge (%) :** | 2.5 |
| **Total Amount (in BDT) :** | 5125.0 |
| **Transaction Id :** | 1264434754 |
| **Card No :** | 462294xxxxxx3705, |
| **Payment Date Time :** | 2025-08-10 10:24:44 AM |
| **Payment Gateway :** | BRAC Bank |

চিত্র – ১৯


১১. **Personal Details** (ব্যক্তিগত তথ্য) -দরপত্রদাতাকে মূল কর্মচারীর সকল ব্যক্তিগত তথ্য দিতে হবে যিনি কোম্পানির পক্ষে ই-জিপি পোর্টাল-এর সকল কার্যক্রমে অংশগ্রহণ এবং পরিচালনা করবেন।

- যদি দরপত্রদাতা কোম্পানির বিবরণ পৃষ্ঠায় "**Company Legal Status**" হিসেবে 'Proprietor' নির্বাচন করে থাকেন, তাহলে ব্যক্তিগত বিবরণ পৃষ্ঠায় ক্লিক করলে দরপত্রদাতা নিম্নলিখিত উইন্ডোটি দেখতে পাবেন। (**চিত্র – ২০** এ দেখানো হয়েছে)।





চিত্র – ২০

➢ যদি কোম্পানির মালিক নিজেই সমস্ত ই-জিপি কার্যক্রম পরিচালনা করেন, তাহলে তাকে নিম্নের ছবি অনুযায়ী চেক বক্সে ক্লিক করতে হবে। যদি মালিক চান যে অন্য ব্যক্তি তার কোম্পানির জন্য সমস্ত ই-জিপি কার্যক্রম পরিচালনা করবেন, তাহলে তাকে নতুন জাতীয় পরিচয়পত্রের তথ্য ইনপুট করতে হবে এবং তা যাচাই করতে হবে। (**চিত্র – ২১** এ দেখানো হয়েছে)।





চিত্র – ২১

➢ "**Yes**" বাটনে ক্লিক করার পর সিস্টেম একটি নতুন উইন্ডো তৈরি করবে। (**চিত্র – ২২** এ দেখানো হয়েছে)





চিত্র - ২২ (অংশ - ক)





চিত্র - ২২ (অংশ - খ)

- যদি দরপত্রদাতা “**Company Legal Status**” হিসেবে 'Proprietor' ব্যাতিত অন্য কিছু নির্বাচন করে থাকেন, তাহলে তিনি নিম্নলিখিত উইন্ডোটি দেখতে পাবেন। এখানে তিনি তার জাতীয় পরিচয়পত্র সংযুক্ত করবেন যিনি কোম্পানির পক্ষে সমস্ত ই-জিপি কার্যক্রম পরিচালনা করবেন। (**চিত্র – ২৩.১** এ দেখানো হয়েছে)।





চিত্র – ২৩.১

- জাতীয় পরিচয়পত্র যাচাই করার পর, সিস্টেম একটি নতুন উইন্ডো প্রদর্শন করবে। (**চিত্র – ২৩.২** এ দেখানো হয়েছে)




চিত্র - ২৩.২ (অংশ - ক)





চিত্র - ২৩.২ (অংশ - খ)

**সকল তথ্য পূরণ করার পর "Save" করতে গেলে আবশ্যকীয় কোন ফিল্ড-এ তথ্য পূরণ করা না হয়ে থাকলে সিস্টেম সে সম্পর্কে নির্দেশনা দিবে।**

১২. **Supporting Documents (সহায়ক ডকুমেন্টসমূহ) -** এই পেজ দরপত্রদাতাকে রেজিস্ট্রেশনের ধরণ অনুযায়ী সহায়ক ডকুমেন্টসমূহ আপলোড করার সুযোগ দিবে রেজিস্ট্রেশন প্রক্রিয়া সমাপ্ত করার জন্য।

**মনে রাখতে হবে যে, রেজিস্ট্রেশনের জন্য দরপত্রদাতাকে ব্যাংক অথবা অনলাইনের মাধ্যমে টাকা জমা দিতে হবে এবং জমা রশিদ / চালান ফর্ম -এর কপি, অন্যান্য সকল ডকুমেন্টসমুহের সাথে নিজস্ব কম্পিউটারে পূর্ব হতে স্ক্যান করে রাখতে হবে আপলোড করার জন্য।**




চিত্র – ২৪.১

- **কোনো ডকুমেন্ট আপলোড করার জন্য নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ**
  - তালিকা হতে ডকুমেন্ট টাইপ নির্বাচন করুন।
  - **Browse…** -এ ক্লিক করুন।
  - কম্পিউটার থেকে ডকুমেন্ট বেছে নিন।
  - ফাইলসমূহ আপলোডের জন্য **Upload** বাটনে ক্লিক করুন।

- **ডকুমেন্ট আপলোড করার সময় নিম্নবর্ণিত বিষয়সমূহ মনে রাখতে হবেঃ**
  - পাসওয়ার্ডযুক্ত কোন ফাইল আপলোড করবেন না।
  - নিশ্চিত করুন যে, কোন ফাইল ভাইরাস আক্রান্ত নয়।
  - মনে রাখবেন, অত্র ওয়েবসাইটে নির্ধারিত ফাইল টাইপের ডকুমেন্টসমূহই শুধুমাত্র আপলোড করা যাবে।

**প্রয়োজনীয় সকল ডকুমেন্ট আপলোড করা হয়ে গেলে, দরপত্রদাতা ডকুমেন্টসমূহ ডাউনলোড করা বা মুছে ফেলার সুযোগ পাবেন। এতদ্ব্যতিত, দরপত্রদাতা 'Document Uploaded Status' অপশনের মাধ্যমে কয়টি ডকুমেন্ট আপলোড করা হয়েছে এবং কয়টি করা হয়নি তা জানতে পারবেন।**

**Total Documents Uploaded: 8**

**Mandatory Document Upload Status: Total: 8 | Uploaded: 8 | Pending: 0**

Submit button for final submission will appear automatically once all the mandatory documents are uploaded.

| S. No. | Document Name | Document Description | File Size (In KB) | Action |
|---|---|---|---|---|
| 1 | aa.PNG | Company Incorporation Certificate (in case of Company) OR Registration Document | 218.53 | |
| 2 | Capture - Audit Team 1.PNG | Valid Tax Identification Number (TIN) Certificate | 115.16 | |
| 3 | Capture - Create Audit User 2.PNG | National ID or Passport of Authorized Person (First 2 pages of passport) | 105.2 | |
| 4 | a.png | One Passport Size Photo of Authorized Person | 107.11 | |
| 5 | a1.png | Trade License | 105.3 | |
| 6 | Picture1.png | Valid Value Added Tax (VAT) Certificate | 224.52 | |
| 7 | a2.png | Authorization letter from the Owner for the Firm/Company's Admin | 105.21 | |
| 8 | 234281467_947277282503340_466224679070009938_n.jpg | e-GP Registration Fee Payment Slip | 285.57 | |

চিত্র – ২৪.২

১৩. যখন ই-জিপি পোর্টালে প্রয়োজনীয় সকল ডকুমেন্ট আপলোড করা হয়ে যাবে তখনই নীচের স্ক্রীন দেখা যাবে যেখানে জরুরী বার্তা (**Important Note**) - এর সাথে চূড়ান্ত দাখিল (**Click here to proceed for final profile submission**) করার জন্য বাটন থাকবে। (**চিত্র – ২৫.১** এ দেখানো হয়েছে)।

**Important Note :**


Before starting your Profile and document submission, please read the following information and make sure the required authentic MANDATORY documents are ready:

1. Scan those mandatory documents you have been asked for and convert into PDF or Zip file format. Size of a single file must not exceed **2MB**. Scan the files in such a way that it can be easily readable. And also ensure that the documents are virus free. CPTU as a system provider does not take any responsibility of any consequences to your future transactions in case ineligible scanned document, file containing virus or misrepresentation of the information in the uploaded documents.
2. Upload the following mandatory documents for the registration. Failure to upload any one of the documents, e-GP system does not allow you to further proceed.
3. If the uploaded documents are found forged or false, your case will be treated under section 64 (Professional misconduct) of the Public Procurement Act 2006.
4. In case of physical submission of mandatory document, advice for physical submission of attested (by the government class-1 official) copies of scanned and already uploaded mandatory documents through Courier or Registered mail.

Click here to proceed for final profile submission


চিত্র – ২৫.১

- উপরে বর্ণিত সকল ধাপসমূহ শেষ করার পর দরপত্রদাতাকে তাঁর প্রোফাইল জমাদানের জন্য '**Click here for Final Submission**' বাটনে ক্লিক করতে হবে। লক্ষ্য রাখতে হবে যে, ই-মেইল ভেরিফিকেশন সম্পন্ন করার ৭ দিনের মধ্যেই Final Submission সম্পন্ন করতে হবে। (**চিত্র – ২৫.২** তে দেখানো হয়েছে)।




চিত্র – ২৫.২

- Final Submission সম্পন্ন করার পর, দরপত্রদাতা এ সংক্রান্ত নিম্নরূপ (**চিত্র – ২৬** তে দেখানো হয়েছে) একটি বার্তা তার স্ক্রিনে দেখতে পাবেন।




চিত্র – ২৬

**১৪.** সকল কার্যাবলী সম্পন্ন করার পর তথ্যসমূহ ই-জিপি সিস্টেমে আপলোড হবে। দরপত্রদাতাকে তাঁর সকল আপলোডকৃত ডকুমেন্টের সত্যায়িত ফটোকপি বিপিপিএ-তে পোস্ট বা কুরিয়ারের মাধ্যমে পাঠাতে হবে। সকল ডকুমেন্ট এবং দরপত্রদাতা কর্তৃক অনলাইনে প্রদত্ত তথ্যাদি নিরীক্ষণের পর ই-জিপি ইউজার রেজিস্ট্রেশন ডেস্ক রেজিস্ট্রেশন অনুমোদন বা প্রত্যাখান করার সিদ্ধান্ত গ্রহণ করবে। উভয় ক্ষেত্রেই, দরপত্রদাতা তাঁর ই-মেইলে সিদ্ধান্ত সম্পর্কে জানতে পারবেন।

**১৫.** তথ্যসমূহ যাচাই এর পর অনুমোদিত হলে দরপত্রদাতা, পরামর্শক ই-জিপি পোর্টাল ব্যবহারের সুযোগ পাবেন এবং পোর্টালটি ব্যবহার করে দরপত্র প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে পারবেন।